দৈনিক বাংলা

তারিখ 25 DEC 1989
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 2 ...

42

দৈনিক বাংলা

ঢাকা : সোমবার, ১১ই পৌষ, ১৩৯৬ : ২৫শে ডিসেম্বর, ১৯৮৯

# কম্পিউটার পরিষদ

শীগগীরই দেশে কম্পিউটার পরিষদ গঠিত হবে। এই সিদ্ধান্ত নেয়া হয়েছে 'সরকারী প্রশাসন ও উন্নয়ন প্রকিয়ায় তথ্য প্রযুক্তির প্রয়োগ' শীর্ষক সম্প্রতি অনুষ্ঠিত একটি সেমিনারের আলোকে।

প্রস্তাবিত পরিষদ কম্পিউটার প্রযুক্তি ব্যবহার সম্পর্কে প্রাথমিক পর্যায়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ সরকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ দানের ব্যবস্থা করবে।

সরকারের এই সিদ্ধান্তকে আমরা অভিনন্দিত করি। বর্তমান যুগ অবিসংবাদিকভাবে কম্পিউটারের যুগ। কেবল পাশ্চাত্যের উন্নত দেশগুলোই নয় অনেক উন্নয়নকামী দেশও এখন ব্যাপক ভাবে কম্পিউটার ব্যবহার করছে। রাষ্ট্রীয়, অর্থনৈতিক সামাজিক এমন কি ব্যক্তিগত জীবনও এখন সেখানে কম্পিউটারকে কেন্দ্র করে আবর্তিত হচ্ছে।

বর্তমান যুগটাই হচ্ছে দ্রুততার যুগ। মানুষের জীবনের সর্বস্তরে সঞ্চারিত হয়েছে গতিবেগ। তাই এই যুগে কম্পিউটার ছাড়া চলা দুরূহ। কেননা কম্পিউটারই কেবল এই গতিবেগের সঙ্গে সামঞ্জস্য বিধান করতে পারে। পাশাপাশি কম্পিউটার নির্ভুলতাও নিশ্চিত করে থাকে। তাই আমরা যদি যুগের হাওয়ার সঙ্গে তাল মিলিয়ে চলতে না পারি তাহলে আমাদের বর্তমান পশ্চাৎপদতা কেবল অব্যাহতই থাকবে না, তা আরও বেড়ে যাবে।

আমাদের তাই এখন পুরোপুরিভাবে কম্পিউটার যুগে প্রবেশ করতে হবে। সরকারী ও আধাসরকারী প্রশাসনযন্ত্রে উন্নয়ন কর্মকান্ডে ব্যাপকভাবে কম্পিউটার ব্যবহার করতে হবে। প্রেসিডেন্ট এরশাদ বরাবরই এদেশে কম্পিউটার ব্যবহারে উৎসাহ দিয়ে আসছেন এবং এ ব্যাপারে প্রতিবন্ধকতা দূর করার জোর উদ্যোগ গ্রহণ করেছেন। দেশে একটি কম্পিউটার টাস্কফোর্স গঠন করা হয়েছিল, গড়ে তোলা হয়েছিল কম্পিউটার বোর্ডও।

ইতিমধ্যে জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে কম্পিউটারের ব্যাপক ব্যবহার শুরু হয়েছে। অধিকাংশ ব্যাংকই এখন কম্পিউটার কাজে লাগাচ্ছে। জাতীয় সংবাদপত্রগুলোর অধিকাংশই এখন কম্পিউটার প্রযুক্তি নির্ভর হয়ে প্রকাশিত হচ্ছে। সরকারী প্রশাসনেরও কয়েকটি ক্ষেত্রে এর ব্যবহার চলছে। এখন যা প্রয়োজন তা হল, প্রশাসনের সর্বস্তরে যতটা সম্ভব কম্পিউটার প্রযুক্তির ব্যবহার। আমাদের বিশ্বাস, প্রস্তাবিত কম্পিউটার পরিষদ এ ব্যাপারে তাদের দায়িত্ব সাফল্যের সঙ্গে পালন করবে।